



# প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

৩, সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০

ফোন : ৮৮৩২০০৮১, ফ্যাক্স : ৮৮০-২-৮৮৩১৭৪৫৮, ওয়েবসাইট : www.pib.gov.bd, ই-মেইল : dg@pib.gov.bd, dpiib@yahoo.com, সেশ্যনাল মিডিয়া : fb.com/pib.gov.t



## পিআইবি'র নৈতিকতা কমিটির মার্চ ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর নৈতিকতা কমিটির সভা ৩০.০৩.২০২২ তারিখ বেলা ১২.০০ টায় কমিটির আহ্বায়ক ও পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ আফরাজুর রহমানের সভাপতিত্বে তার কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নে বর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন:

ক্র নং	কর্মকর্তাদের নাম ও পদবী	কমিটির পদবী
১.	জনাব আবুল কালাম মোহাম্মদ শামসুদ্দিন পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ)	সদস্য
২.	জনাব মো. জাকির হোসেন উপপরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব	সদস্য
৩.	জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞা মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব)	সদস্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বিষয় উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন) চলতি দায়িত্ব জনাব মো. জাকির হোসেনকে আহ্বান জানান। জনাব মো. জাকির হোসেন জানান, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী বিভিন্ন উদ্যোগ নেয়া হয়েছে। কমিটির সদস্য ও পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ) বলেন, প্রতি বিভাগে পানির ফিল্টার স্থাপন করা যেতে পারে। দুই ভবনে ২টি ফাস্ট এইড বক্স স্থাপন নিশ্চিত করা আবশ্যিক। দপ্তরকে ধূমপানমুক্ত ঘোষণা করা যেতে পারে।

সভায় জানানো হয় বিগত সভার নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে:

- পিআইবি'র আবাসিক প্রশিক্ষার্থীদের সঙ্গে শুদ্ধাচার বিষয়ক ১টি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে
- মোবাইল জার্নালিজম বিষয়ে ২টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে, ক্রয় পদ্ধতি বিষয়ে ২টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে
- ভিত্তিহীন ও বিকৃত সংবাদ প্রচাররোধে সাংবাদিকদের সঙ্গে ২টি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
- পিআইবি'র ৬ তলা ভবনের ৩য় তলায় এবং ৮ তলা ভবনের ৫ম তলায় বিশুদ্ধ পানির ফিল্টার স্থাপন করা হয়েছে।


বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

### সভার সিদ্ধান্তসমূহ :

- পিআইবি'র স্টোরে রক্ষিত অকেজো/ পুরাতন মালামাল বিক্রয়/ অপসারণ করা হবে।
- ২টি ভবনের প্রবেশ পথে দুইটি ফাস্ট এইড বক্স স্থাপন করা হবে।

সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রম বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
৩০/৩/২০২২  
(মোহাম্মদ আফরাজুর রহমান)  
পরিচালক (প্রশাসন)

ও  
আহ্বায়ক  
নৈতিকতা কমিটি